বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২৭.১৮-৪৬

তারিখ: ০৩ মাঘ ১৪২৫
১৬ জানুয়ারি ২০১৯

**বিষয় : জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩ নির্বাচনি এলাকার নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি যানবাহন যথা-মোটর সাইকেল, বেবী ট্যাক্সি, মাইক্রোবাস, জিপ ও পিক আপ ইত্যাদি চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। একইভাবে **২৭ জানুয়ারি ২০১৯** তারিখে অনুষ্ঠিতব্য জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩ নির্বাচনি এলাকার নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **২৬ জানুয়ারি ২০১৯** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **২৭ জানুয়ারি ২০১৯** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক
(২) ট্যাক্সি ক্যাব
(৩) মাইক্রোবাস
(৪) জীপ
(৫) পিক আপ
(৬) কার
(৭) বাস
(৮) ট্রাক
(৯) টেম্পো
(১০) ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের বিভিন্ন যন্ত্রচালিত যানবাহন

২। সে সাথে **২৫ জানুয়ারি ২০১৯** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **২৯ জানুয়ারি ২০১৯** তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **২৬ জানুয়ারি ২০১৯** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **২৭ জানুয়ারি ২০১৯** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত উল্লিখিত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ এবং সেই সাথে **২৫ জানুয়ারি ২০১৯** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **২৯ জানুয়ারি ২০১৯** তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা **আরোপ করার** লক্ষ্যে **সংশ্লিষ্ট জেলা প্রশাসক/অন্যান্য কর্তৃপক্ষ-কে** ক্ষমতা প্রদানের জন্য **নির্দেশক্রমে** অনুরোধ করা হলো।

১৬/১/১৯


( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব (নির্বাচন পরিচালনা-২)
ফোন: ০২-৫৫০০৭৫২৮
E-mail: sasemc1@gmail.com


সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, বিআরটিএ সংস্থাপন অধিশাখা]

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২৭.১৮-৪৬

তারিখ: ০৩ মাঘ ১৪২৫ / ১৬ জানুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, ................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
৫. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, রংপুর
৯. উপমহাপুলিশ পরিদর্শক, রংপুর রেঞ্জ
১০. যুগ্মসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, গাইবান্ধা ও রিটার্নিং অফিসার
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল
১৬. পুলিশ সুপার, গাইবান্ধা
১৭. জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা
১৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গাইবান্ধা
১৯. উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্যাপুর/পলাশবাড়ী, গাইবান্ধা ও সহকারী রিটার্নিং অফিসার
২০. জেলা তথ্য অফিসার, গাইবান্ধা
২১. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২২. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................................., নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. উপজেলা নির্বাচন অফিসার, সাদুল্যাপুর/পলাশবাড়ী, গাইবান্ধা
২৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাদুল্যাপুর থানা/পলাশবাড়ী থানা, গাইবান্ধা।

২৩/১/১৯

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ৫৫০০৭৬১০, ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮